নির্বাচন সঠিক সময়ে হবে – ড. বদিউল আলম মজুমদার

জাতীয় ঐক্যমতের কমিশনার ড. বদিউল আলম মজুমদার বলেছেন, ‌নিম্মকক্ষ হবে আসন ভিত্তিক আর উচ্চ কক্ষ হবে পিআর পদ্ধতিতে। আমরা মনে করি দুটি পদ্ধতিতেই নির্বাচন হওয়া দরকার। নির্বাচন সঠিক সময়ে হবে। নির্বাচনের কোনো বিকল্প নেই।

নির্বাচন হতে হবে। নির্বাচনের মাধ্যমে একটি নির্বাচিত সরকার প্রতিষ্ঠিত হতে হবে। তার মাধ্যমে গণতান্ত্রিক উত্তোরণের পথ প্রসস্ত হবে। পিআর পদ্ধতি এবং আসন ভিত্তিক পদ্ধতি দুটোতেই কিছু ত্রুটি এবং ইতিবাচক দিক রয়েছে। তারপরেও দুটো পদ্ধতি দরকার। নির্বাচন কমিশন ও সংবিধান কমিশনের পক্ষ থেকে আমরা সংস্কারের প্রস্তাব করেছি ।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলায় সুশাসনের জন্য নাগরিক (সুজন) আয়োজিত মতবিনিময় সভাশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। অন্য এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা ঐক্যমতে পৌছাতে পারবো। একটি সুষ্ঠ নির্বাচন হবে। তার মাধ্যমে একটি কার্যকর গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে।

এ সময় প্রধান উপদেষ্টার একান্ত সচিব ঐক্যমত সাংবাদিক মনির হায়দার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সুজনের গাংনী উপজেলা শাখার সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক।

মতবিনিময় সভায় আরও বক্তব্য দেন, সুজনের মেহেরপুর জেলা শাখার সভাপতি সৈয়দ জাকির হোসেন, গাংনী উপজেলা কমিটির সাধারণ সম্পাদক এএসএম সায়েম পল্টু, গাংনী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভট্ট, বিএনপি নেতা আব্দাল হক।

এসময় দি হাঙ্গার প্রজেক্ট, সুজন, পিএফজি, নারী নেটওয়ার্ক, ইয়ূথ এন্ডিং হাঙ্গারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]